# আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৭০

১৫/ হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/২৫. ইফরাদ হজ্জকারী যে সময়ে হালাল হয় তার পূর্বে হজ্জে কিরানকারী হালাল হতে পারবে না।

بيان أن القارن لا يتحلل إلاَّ في وقت تحلل الحاج المفرد

---

আরবী

حديث حَفْصَةَ، زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّهَا قَالَتْ: يَا رَسُولَ اللهِ مَا شَأْنُ النَّاسِ حَلُّوا بِعُمْرَةٍ وَلَمْ تَحْلِلْ أَنْتَ مِنْ عُمْرَتِكَ قَالَ: إِنِّي لَبَّدْتُ رَأْسِي وَقَلَّدْتُ هَدْيِي فَلاَ أَحِلُّ حَتَّى أَنْحَرَ

বাংলা

৭৭০. নবী সহধর্মিণী হাফসাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হে আল্লাহর রাসূল! লোকদের কী হল, তারা ’উমরাহ শেষ করে হালাল হয়ে গেল, অথচ আপনি উমরাহ হতে হালাল হচ্ছেন না? তিনি বললেনঃ আমি মাথায় আঠালো বস্তু লাগিয়েছি এবং কুরবানীর জানোয়ারের গলায় মালা ঝুলিয়েছি। কাজেই কুরবানী করার পূর্বে হালাল হতে পারি না।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ : হাজ্জ, অধ্যায় ৩৪, হাঃ ১৫৬৬; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ২৫, হাঃ ১২২৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 󠀠 বর্ণনাকারীঃ হাফসাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83998

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন